গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.২৬-৮৭৯৪/৫ তারিখ: ০৬ /১১/২০২৬ খ্রি.

বিষয়: আগামী ৭ই নভেম্বর ২০২৬ তারিখ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক কর্মসূচী নির্ধারণ।

সূত্র: (১) স্বরাষ্ট মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৪.০০.০০০০.০০০.০২১.৯৯.০০০২.১৭-১৩১, তারিখ: ২৮/১০/২০২৬ খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০০০.০৬২.৯১.০০০১.১৮.২৪৬, তারিখ: ০৩/১১/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৭ই নভেম্বর ২০২৬ তারিখ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে সূত্রোক্ত ২নং স্মারক পত্রটি (সংলগ্নিসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী সরকার কর্তৃক নির্ধারিত নিম্নোক্ত কর্মসূচী প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

'শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিবসের তাৎপর্য তুলে ধরে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিশেষ আলোচনা অনুষ্ঠান ও রচনা প্রতিযোগিতার আয়োজন' করা

সংযুক্তি: বর্ণনামতে।

03.11.26

(মোঃ রেজাউল করিম)
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন : ০২-২২৩৩৫০০৬৮
ad-admin@dshe.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল)
০২. অধ্যক্ষ, সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ (সকল)
০৩. অধ্যক্ষ, বেসরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ (সকল)
০৪. উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৫. জেলা শিক্ষা অফিসার (সকল)
০৬. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)
০৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৫. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬২.৯১.০০০১.১৮.২৪৬

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: আগামী ৭ই নভেম্বর ২০২৬ তারিখ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক কর্মসূচী নির্ধারণ।

সূত্র: ১৩২/১ ২৮ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮ অক্টোবর ২০২৬ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ৭ই নভেম্বর ২০২৬ তারিখ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এ দিবসের তাৎপর্য তুল ধরে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিশেষ আলোচনা অনুষ্ঠান ও রচনা প্রতিযোগিতার আয়োজনের বিষয়ে কর্মসূচী গৃহিত হয়।

০২। এমতাবস্থায়, গত ২৮ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত সংযুক্ত কার্যবিবরণী অনুযায়ী আগামী ৭ই নভেম্বর ২০২৬ তারিখ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক নির্ধারিত কর্মসূচী প্রতিপালনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



০৩-১১-২০২৬
মনজুরুল আলম
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ২২৩৩৮৪৫৮২
ইমেইল : as.admin2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬২.৯১.০০০১.১৮.২৪৬/১ (৫)


তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপসচিব (প্রশাসন-৩ শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫। অফিস, কপি।

CamScanner





০৩-১১-২০২৬
মনজুরুল আলম
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.moha.gov.bd

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.০২১.৯৯.০০০২.১৭-১৩২

তারিখ : ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

বিষয়: আগামী ৭ই নভেম্বর ২০২৬ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক কর্মসূচী নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখার স্মারক নং-১৩১, তারিখ- ২৮ অক্টোবর ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২৮/১০/২০২৬ তারিখ বেলা ১২.৩০ টায় ৭ই নভেম্বর ২০২৬ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী [illegible] জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো
একান্ত সচিব
ডাইরি নং- ৩৯০৫ তারিখ: ২৮/১০/২০২৬

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

২৮/১০/২০২৬
মোহাম্মদ শরীফুল ইসলাম
উপসচিব
ফোন: +৮৮-০২-৪৭১১৮৭০০
ইমেইল: admin3@moha.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-এর দপ্তর
ডায়েরী নং ২১২৫
তারিখ: ২৯/১০/২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। রাষ্ট্রপতির সামরিক সচিব, সামরিক সচিবের দপ্তর, আপন বিভাগ।
৬। অনুবিভাগ প্রধান (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। যুগ্মসচিব (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপি:

১। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.moha.gov.bd

৭ই নভেম্বর ২০২৬ জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক জাতীয় কর্মসূচী নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ : ২৮ অক্টোবর ২০২৬
সময় : বেলা ১২:৩০ টা
স্থান : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য জনাব মোহাম্মদ আবু নঈম, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)-কে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচী গৃহীত হয়:

ক্রম	গৃহীত কর্মসূচী	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	মন্তব্য
১	দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশ্যে রাষ্ট্রপতির বাণী	রাষ্ট্রপতির কার্যালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	
২	দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর বাণী	প্রধানমন্ত্রীর কার্যালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	
৩	সকল সরকারী ও বেসরকারী ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন	মন্ত্রিপরিষদ বিভাগ	
৪	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস সমূহে যথাযথ মর্যাদার সাথে দিবসটি উদযাপন	পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	
৫	দেশে সাধারণ ছুটি পালন	জনপ্রশাসন মন্ত্রণালয়	
৬	জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে সুবিধাজনক সময়ে মসজিদে মিলাদ-মাহফিল ও বিশেষ মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়সমূহে বিশেষ প্রার্থনা	মন্ত্রিপরিষদ বিভাগ, ধর্ম মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ	
৭	হাসপাতাল, কারাগার, এতিমখানা, শিশুকেন্দ্র, শিশু পরিবার, শিশুসদন, কিশোর সংশোধনী কেন্দ্রসমূহ, শান্তি নিবাস ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে উন্নতমানের খাবার পরিবেশন	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়	
৮	সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য-সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	
৯	বাংলাদেশ টেলিভিশন, বেসরকারী টিভি চ্যানেলসমূহ এবং রেডিও-তে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠানমালা সম্প্রচার	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	
১০	দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে সকল জেলা ও উপজেলায় আলোচনা অনুষ্ঠান আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ	
১১	সড়ক দ্বীপ ও বিভিন্ন সড়কে পতাকা দ্বারা সজ্জিতকরণ	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), পৌরসভা (সকল)	

ক্রম	গৃহীত কর্মসূচী	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	মন্তব্য
১২	শিল্পকলা একাডেমী কর্তৃক দেশাত্ববোধক গানের আসর আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ	
১৩	সিনেমা হলে এবং ভ্যানযোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস সম্পর্কিত প্রামান্য চলচ্চিত্র প্রদর্শনী	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	
১৪	সকল জেলা সদর ও উপজেলায় প্রদর্শনী ফুটবল ম্যাচের আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ	
১৫	শিক্ষা প্রতিষ্ঠান সমূহে দিবসের তাৎপর্য তুলে ধরে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিশেষ আলোচনা অনুষ্ঠান ও রচনা প্রতিযোগিতার আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ	
১৬	জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ	
১৭	শহীদ মুক্তিযোদ্ধা পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ মুক্তিযোদ্ধাগণের সমন্বয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ	
১৮	সশস্ত্র বাহিনী কর্তৃক জাতীয় পতাকা উত্তোলন, মিলাদ মাহফিল, প্রীতিভোজ এবং বিশেষ দরবারের আয়োজন	প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ	
১৯	বাংলাদেশ ক্যাডেট কোরের তত্ত্বাবধানে আর্মি স্টেডিয়াম, ঢাকায় ডিসপ্লে অনুষ্ঠানের আয়োজন	প্রতিরক্ষা মন্ত্রণালয়	
২০	বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, আনসার ও ভিডিপি অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, কোস্ট গার্ড, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এর সদর দপ্তরসমূহে মিলাদ মাহফিল, প্রীতিভোজ এবং বিশেষ দরবারের আয়োজন	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা	
২১	সকল শিশু পার্ক শিশুদের জন্য উন্মুক্ত রাখা (বিনা টিকেটে)	সিটি কর্পোরেশন (সকল), পৌরসভা (সকল)	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.০২১.৯৯.০০০২.১৭-১৩১

তারিখ : ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। রাষ্ট্রপতির সামরিক সচিব, সামরিক সচিবের দপ্তর, আপন বিভাগ।
৬। অনুবিভাগ প্রধান (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। যুগ্মসচিব (সকল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২৮/১০/২০২৬

মোহাম্মদ শরীফুল ইসলাম
উপসচিব